# কর্ণাটক সঙ্গীতে প্রচলিত ৭২টি মেল

বেঙ্কটমখী অঙ্কশাস্ত্রের সহায়তায় প্রাচীন কর্ণাটক স্বরের শ্রুতি-পরিধির নিয়ম অনুসরণ করে ৭২টি মেল-এর প্রচলন করেন, যা কর্ণাটিকী সঙ্গীতের প্রাচীন পদ্ধতিকে পরিবর্তন করে কয়েকটি নবীন মেল-নাম প্রবর্তন ও নতুন রাগ সৃজনে সহায়তা করে। বেঙ্কটমখী-পরবর্তী সময়ে এই ৭২টি মেলের যে নাম ছিল, পরবর্তীকালে 'কটপয়াদি' 'সূত্র ব্যবহারের ফলে ঐ নামগুলির কিছু কিছু পরিবর্তন ঘটে। এখানে পরিবর্তিত নামগুলি সহ মেল-বিভাজন বর্ণিত হল।

উপরোক্ত ৭২টি মেলকে প্রথমতঃ সমান দু'ভাগে ভাগ করা হয়েছে। প্রথম ভাগ বা প্রথমার্ধের ১-৩৬তম মেলগুলি হল শুদ্ধ মধ্যমযুক্ত এবং দ্বিতীয় ভাগ বা শেষার্ধের ৩৭-৭২তম মেলগুলি হল প্রতি বা বরালী মধ্যমযুক্ত। এই দুটি বিভাগের প্রত্যেকটিকে আবার ছ'ভাগে ভাগ করা হয়েছে — এদের 'চক্রম্' বলে। সুতরাং প্রতি চক্রম্-এ ছ'টি করে মেল অন্তর্ভুক্ত হয়েছে এবং তাদের আলাদা নামকরণও করা হয়েছে। প্রথমার্ধের ছ'টি চক্রম্ হল যথাক্রমে— ইন্দু, নেত্র, অগ্নি, বেদ, বাণ ও ঋতু এবং শেষার্ধের ছ'টি চক্রম্ হল যথাক্রমে — ঋষি, বসু, ব্রহ্ম, দিশি, রুদ্র ও আদিত্য।

বেঙ্কটমখী নিম্নলিখিতভাবে ৭২টি মেল প্রচলন করেন —

প্রত্যেক মেলে সা এবং প আবশ্যিক। এখন সা প ও ম কে বর্জিত করে আমরা রে গ ও ধ নি স্বর সমন্বয়ের মাধ্যমে সর্ব্বোচ্চ নিম্নলিখিত ভাগগুলি পেতে পারি।

| | ১ম ভাগ | | ২য় ভাগ | |
|---|---|---|---|---|
| ১। | রে গা | (রে রে) | ধা না | (ধ ধ) |
| ২। | রে গি | (রে গ) | ধা নি | (ধ নি) |
| ৩। | রে গু | (রে গ) | ধা নু | (ধ নি) |
| ৪। | রি গি | (রে গ) | ধি নি | (ধ নি) |
| ৫। | রি গু | (রে গ) | ধি নু | (ধ নি) |
| ৬। | রু গু | (গ গ) | ধু নু | (নি নি) |

এখন প্রথম ভাগের প্রত্যেকটির সঙ্গে দ্বিতীয় ভাগের প্রত্যেকটি মেলালে আমরা ৬×৬ বা ৩৬টি সতন্ত্র স্বরসমন্বয় পাই। অতএব এইভাবে শুদ্ধ মধ্যম যুক্ত ৩৬টি এবং বরালী মধ্যম যুক্ত ৩৬টি মেল পাওয়া যায়। সুতরাং মোট মেলসংখ্যা দাঁড়ায় — ৩৬+৩৬ বা ৭২।

নিম্নে ১২টি চক্রম্সহ ৭২টি মেলের নাম উল্লেখিত হল —

**প্রথম — ইন্দু চক্রম্**

১) কনকাঙ্গী
২) রত্নাঙ্গী
৩) গানমূর্তি
৪) বনস্পতি
৫) মানবতী
৬) তানরূপী

**দ্বিতীয়— নেত্র চক্রম্**

৭) সেনাবতী
৮) হনুমত্-টোড়ী (জানা টোড়ী)
৯) ধেনুকা
১০) নাটকপ্রিয়
১১) কোকিলপ্রিয়া
১২) রূপবতী

**তৃতীয়— অগ্নি চক্রম্**

১৩) গায়কপ্রিয়
১৪) বকুলাভরণ
১৫) মায়া-মালব গৌল
১৬) চক্রবাহম্
১৭) সূর্যকান্ত
১৮) হাটকাম্বরী

**চতুর্থ — বেদ চক্রম্**

১৯) ঝঙ্কারধ্বনী
২০) নঠ ভৈরবী
২১) কিরবাণী
২২) খরহরপ্রিয়া
২৩) গৌরীমনোহারি
২৪) বরুণপ্রিয়া

**পঞ্চম — বান চক্রম্**

২৫) মাররঞ্জনী
২৬) চারুকেশী
২৭) স্বরসাঙ্গী
২৮) হরিকাম্বোজী
২৯) ধীরশঙ্করভরণ
৩০) নাগনন্দিনী

**ষষ্ঠ — ঋতু চক্রম্**

৩১) যাগপ্রিয়া
৩২) রাগবর্ধনী
৩৩) গাঙ্গেয়-ভূষণী
৩৪) বাগধীশ্বরী
৩৫) শূলিনী
৩৬) চলনাট

**সপ্তম— ঋষি চক্রম্**

৩৭) সালগ
৩৮) জলার্ণব
৩৯) ঝলবরালী
৪০) নবনীতম্
৪১) পাবনী
৪২) রঘুপ্রিয়া

**অষ্টম— বসু চক্রম্**

৪৩) গবাম্বোধি
৪৪) ভাবপ্রিয়া
৪৫) শুভপন্তুবরালী
৪৬) ষড়বিধ-মার্গিনী
৪৭) সুবর্ণাঙ্গী
৪৮) দিব্যমণি

## নবম — ব্রহ্মা চক্রম্

৪৯) ধবলাম্বরী
৫০) নমোনারায়ণী
৫১) কামবর্ধনী
৫২) রামপ্রিয়া
৫৩) গমণাশ্রম
৫৪) বিশ্বম্ভর

## দশম — দিশি চক্রম্

৫৫) শ্যামলাঙ্গী
৫৬) ষন্মুখপ্রিয়া
৫৭) সিমহেন্দ্র মধ্যম
৫৮) হেমবতী
৫৯) ধর্মবতী
৬০) নীতিমতি

## একাদশ — রুদ্র চক্রম্

৬১) কান্তামণি
৬২) ঋষভপ্রিয়
৬৩) লতাঙ্গী
৬৪) বাচস্পতি
৬৫) মেচ-কল্যাণী
৬৬) চিত্রাম্বরী

## দ্বাদশ— আদিত্য চক্রম্

৬৭) সুচরিত্র
৬৮) জ্যোতিঃস্বরূপিনী
৬৯) ধাতুবর্ধনী
৭০) নাসিকাভূষণী
৭১) কোসলম্
৭২) রসিকপ্রিয়

# ॥ কটপয়াদি চক্র ॥

| সংখ্যা | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক-আদি নব | ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ | ঞ |
| ট-আদি নব | ট | ঠ | ড | ঢ | ণ | ত | থ | দ | ধ | ন |
| প-আদি পঞ্চ | প | ফ | ব | ভ | ম | × | × | × | × | × |
| য-আদি অষ্ট | য | র | ল | ব | শ | ষ | স | হ | × | × |

## যুক্ত অক্ষরের মান:

ক্র = ক্‌র্ = ক = ১

র্য = র্‌য্ = য = ১

ংক বা ঙ্ক = ঙ্‌ক = ক = ১

ক্ষ = র = ২

ঙ্গ বা ঙ্গ = ঙ্‌গ = গ = ৩

ব্য = ব্‌য্ = ব = ৪

শ্ব = শ্‌ব = শ = ৫

ন্ত = ন্‌ত = ত = ৬

ক্ষ = ষ = ৬

ন্ম = ন্‌ম = ম = ৫

হ্ম = হ্‌ম = ম = ৫

র্ম = র্‌ম = ম = ৫

ত্র = ত্‌র্ = ত = ৬

জ্য = জ্‌য্ = জ = ৮ ----ইত্যাদি

দ্বাদশ - চক্র অনুসারে ৭২ টি মেল কর্তা মনে রাখার উপায় :—

ইন্দু চক্র :— কন - রত্না - গান - বন - মান - তান
নেত্র চক্র :— সেনা - হনু - ধেনু - নাট - কোকি - রূপ
অগ্নি চক্র :— গায় - বকু - মায়া - চক্র - সূর্য - হাট
বেদ চক্র :— ঝঙ্কা - নট - কীর - খর - গৌরী - বরু
বাণ চক্র :— মার - চারু - সর - হরি - ধীর - নাগা
ঋতু চক্র :— যাগ - রাগ - গাঙ্গে - বাগ - শূলি - চল } ম

ঋষি চক্র :— সাল - জলা - ঝাল - নব - পাব - রঘু
বসু চক্র :— গাবা - ভব - শুভ - ষড়্বি - সুব - দিব্য
ব্রহ্ম চক্র :— ধব - নাম - কাম - রাম - গম - বিশ্ব
দিশি চক্র :— শ্যাম - ষণ্মু - সিংহে - হেম - ধর্ম - নীতি
রুদ্র চক্র :— কান্তা - ঋষ - লতা - বাচ - মেচ - চিত্রা
আদিত্য চক্র :— সুচ - জ্যোতিঃ - ধাতু - নাসি - কোস - রসি } মি

# ।। ভেঙ্কটমুখীর ৭২ মেলকর্তা - রাগ চক্র ।।

দক্ষিণ-ভারতীয় ৭টি শুদ্ধ ও ৫টি বিকৃত স্বর

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | বিকৃত | বিকৃত | শুদ্ধ | বিকৃত | শুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | বিকৃত | বিকৃত |
| | অচল | চল | চল | চল | চল | চল | চল | অচল | চল | চল | চল | চল |
| | সা | র | রি | রু | গু | ম | মি | পা | ধ | ধি | ধু | নু |
| র: | সা | র | গ | গি | গু | ম | মি | পা | ধ | ন | নি | নু |
| হি: | সা | ঋ | রে | জ্ঞ | গা | ম | হ্ম | পা | দ | ধে | ণ | না |
| | | বিকৃত | শুদ্ধ | বিকৃত | শুদ্ধ | শুদ্ধ | বিকৃত | শুদ্ধ | বিকৃত | শুদ্ধ | বিকৃত | শুদ্ধ |

পূর্বাঙ্গ (প্রথম চারটি স্বর) — পূর্বার্ধ (শুদ্ধ ম) — উত্তরার্ধ (বিকৃত মি) — উত্তরাঙ্গ (শেষ চারটি স্বর)

<u>পূর্বাঙ্গের ৬টি ভেদ</u>

১. ঋ, রে (র-গ) $R_1G_1$
২. ঋ, জ্ঞ (র-গি) $R_1G_2$
৩. ঋ, গা (র-গু) $R_1G_3$
৪. রে, জ্ঞ (রি-গি) $R_2G_2$
৫. রে, গা (রি-গু) $R_2G_3$
৬. জ্ঞ, গা (রু-গু) $R_3G_3$

<u>উত্তরাঙ্গের ৬টি ভেদ</u>

১. দ, ধে (ধ-ন) $D_1N_1$
২. দ, ণ (ধ-নি) $D_1N_2$
৩. দ, না (ধ-নু) $D_1N_3$
৪. ধে, ণ (ধি-নি) $D_2N$
৫. ধে, না (ধি-নু) $D_2N$
৬. ণ, না (ধু-নু) $D_3N$

৭২ টি মেলের প্রত্যেকটিতে সা ও পা থাকবেই, যেহেতু তারা অচল-স্বর। প্রত্যেকটিতে ৭ টি স্বর থাকবে। ৭২ টি মেলের মধ্যে ১ থেকে ৩৬টি মেলে থাকবে শুদ্ধ মা (ম) এবং ৩৬ থেকে ৭২ সংখ্যক থাকবে প্রতি মধ্যম (মি) বা কড়ি মা (হ্মা)।